

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২০৭(আগরতলা, ১৭।০২)

সোনামুড়া, ১৭ ফেব্রুয়ারি, ২০১৯

ভারতবর্ষের মূল শক্তি হচ্ছে তার সংস্কৃতি-উপমুখ্যমন্ত্রী

তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং কাঁঠালিয়া ব্লক প্রশাসনের যৌথ উদ্যোগে গতকাল ধনপুরে দুইদিন ব্যাপী লোক উৎসবের উদ্বোধন করেন উপমুখ্যমন্ত্রী যীষু দেববর্মা। ধনপুর তহশীল মাঠে আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিধায়ক সুভাষ চন্দ্র দাস। বিশেষ অতিথি ছিলেন সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক সুরেশ চন্দ্র দাস, বিশিষ্ট সমাজসেবী প্রতিমা ভৌমিক, রতন দাস, জয়দেব সরকার প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাঁঠালিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান পিন্টু আইচ। লোক উৎসবের উদ্বোধন করে উপমুখ্যমন্ত্রী যীষু দেববর্মা বলেন, ভারতবর্ষের মূল শক্তি হচ্ছে তার সংস্কৃতি। লোক সংস্কৃতি আমাদের আদি ও অকৃত্রিম সংস্কৃতি। গ্রাম হচ্ছে ভারতবর্ষের প্রাণ। আর গ্রামই হল লোক সংস্কৃতির আতুরঘর। তিনি বলেন, আমাদের রাজ্যে জাতি-উপজাতি সকল অংশের মানুষের সমৃদ্ধশালী সাংস্কৃতিক ঐতিহ্য রয়েছে। তাকে আরো সমৃদ্ধ করতে আন্তরিকতার সঙ্গে উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। উপমুখ্যমন্ত্রী বলেন, আমাদের দেশ হচ্ছে উৎসবের দেশ, সংস্কৃতির দেশ, ধর্মের দেশ। লোক সংস্কৃতি হচ্ছে ভারতের প্রাণের সংস্কৃতি। তাকে রক্ষা করার দায়িত্ব শুধুমাত্র সরকারের নয়। তারজন্য সকলকে সন্মিলিত উদ্যোগ নিতে হবে। প্রধান অতিথির ভাষণে বিধায়ক সুভাষ চন্দ্র দাস বলেন, লোক উৎসবের মধ্য দিয়ে আমাদের চিরায়ত সংস্কৃতিকে তুলে ধরার উদ্যোগ নিয়েছে সরকার। তিনি বলেন, রাজ্যের সকল অংশের মানুষের সামগ্রিক উন্নয়ন করে সরকার ত্রিপুরাকে শ্রেষ্ঠ ও মডেল রাজ্য বানানোর উদ্যোগ নিয়েছে। এদিনের অনুষ্ঠানে অতিরিক্ত জেলাশাসক সুরেশ চন্দ্র দাস এবং কাঁঠালিয়া ব্লকের বিডিও প্রবাল কান্তি দেবও বক্তব্য রাখেন। দুইদিন ব্যাপী এই লোক উৎসবে সোনামুড়া মহকুমার দুই শতাধিক শিল্পী অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে তারা লোকসংগীত, লোকনৃত্য, লোকবাদ্য প্রভৃতি পরিবেশন করেন।
